ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪১৪১

আগরতলা, ৪ ডিসেম্বর, ২০২৫

**এন.ডি.আর.এফ.-এর প্রথম ব্যাটেলিয়ন কার্যালয় পরিদর্শনে রাজ্যপাল**



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ সকালে গোকুলনগরস্থিত আর.আর.সি. আগরতলা এন.ডি.আর.এফ.-এর প্রথম ব্যাটেলিয়নের কার্যালয় পরিদর্শন করেন। রাজ্যপাল সেখানে গিয়ে পৌঁছালে ব্যাটেলিয়নের কমান্ডেন্ট এইচ.পি. সিং কান্ডারি প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলায় এন.ডি.আর.এফ.-এর দায়িত্ব, কর্তব্য, উদ্ধার প্রক্রিয়া প্রভৃতি বিষয়ে রাজ্যপালকে বিস্তারিত অবহিত করেন। রাজ্যপাল এন.ডি.আর.এফ.-এর অফিস, বিভিন্ন বিভাগ এবং রেসকিউ ব্যারাক রুম পরিদর্শন করেন। তিনি বিপর্যয়ের সময় ত্রাণ ও উদ্ধারের কাজে ব্যবহৃত বিভিন্ন যন্ত্রপাতিও পরিদর্শন করেন। সংশ্লিষ্ট আধিকারিকগণ বিভিন্ন যন্ত্রপাতির ব্যবহার সম্পর্কে রাজ্যপালকে অবহিত করেন। এন.ডি.আর.এফ.-এর আধিকারিকদের সঙ্গে মতবিনিময়ের সময় রাজ্যপাল বিপর্যয় প্রবণ এলাকায় সাধারণ মানুষকে এ বিষয়ে শিক্ষিত ও সচেতন করার পরামর্শ দেন। পরিদর্শনের সময় সিপাহীজলা জেলার জেলাশাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল, জেলার এস.পি. বিজয় দেববর্মা উপস্থিত ছিলেন। লোকভবন থেকে এ সংবাদ জানানো হয়েছে।

*****